

নাগরিক-সেবার বিবরণ সম্বলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

(২) সেবার নামঃ পেটেন্ট স্বত্বাধিকারির পেটেন্ট নবায়ন প্রদান

সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ঢাকা-১০০০।	রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার (পেটেন্ট ও ডিজাইন), সহকারি রেজিস্ট্রার (পেটেন্ট), পরীক্ষক (পেটেন্ট), অফিস সহকারি (নবায়ন শাখা), কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (আইটি ইউনিট), রিসেপশন ডেস্ক।	পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।	সাধারণতঃ ৩ দিন।
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	বাংলাদেশে বিদ্যমান পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ এর আওতায় ১৬ বছরের জন্য নবায়ন সাপেক্ষে আবেদনকারীকে পেটেন্ট স্বত্ব প্রদান করা হয়। পেটেন্ট এর স্বত্বাধিকারী ১৬ বৎসর পর্যন্ত এই নিরঙ্কুশ ও একচ্ছত্র অধিকার ভোগ করেন। গৃহীত পেটেন্ট এর ক্ষেত্রে দরখাস্ত দাখিলের তারিখ হতে ৪ (চার) বছর পর্যন্ত কোন নবায়ন ফি প্রদান করতে হয় না। ৫ম বছরের নির্ধারিত নবায়ন ফি ৪র্থ বছর অতিক্রান্তের পূর্বেই দাখিল করতে হয়। ৬ষ্ঠ বছরের নির্ধারিত নবায়ন ফি ৫ম বছর অতিক্রান্তের পূর্বেই দাখিল করতে হয়। এভাবে ক্রমান্বয়ে ১৬ বছর পর্যন্ত নবায়ন ফি পরিশোধ করতে হয়। কেউ ইচ্ছা করলে একাধিক বছরের নবায়ন ফি একত্রে পরিশোধ করতে পারেন। তবে কোন পেটেন্ট স্বত্বাধিকারী নির্ধারিত সময়সীমার মধ্যে নবায়ন ফি প্রদান করতে ব্যর্থ হলে পেটেন্টটি তামাদি হয়ে যায় এবং সে ক্ষেত্রে তামাদি পেটেন্ট পুনরুদ্ধার করার জন্য নির্ধারিত ফিসহ Form-10 দাখিল করতে হয়। অত্র অফিস আবেদনকারীর যাবতীয় কাগজপত্র পরীক্ষান্তে বিজি প্রেসে প্রকাশের কার্যক্রম গ্রহণ করে। সে ক্ষেত্রে আবেদনকারীর পেটেন্ট দরখাস্ত নবায়ন শাখায় অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর কর্তৃক যাচাই-বাছাই সম্পন্ন করত: প্রতিবেদনসহ বিষয় সংশ্লিষ্ট পরীক্ষকের নিকট উপস্থাপন করা হয়। পরীক্ষক পরীক্ষা শেষে অনুমোদনের জন্য সহকারী রেজিস্ট্রার ও ডেপুটি রেজিস্ট্রারের অনুমোদনের জন্য উপস্থাপন করেন। ডেপুটি রেজিস্ট্রার রেজিস্ট্রারের অনুমোদনের জন্য পেশ করেন। রেজিস্ট্রার কর্তৃক অনুমোদিত হলে যথানিয়মে বিজি প্রেসে পাবলিকেশনের জন্য প্রেরণ করা হয়। গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ হতে ছয় সপ্তাহের মধ্যে পেটেন্ট আবেদনের বিরুদ্ধে অপজিশন সংক্রান্ত কোন দরখাস্ত দাখিল না হলে তামাদি পেটেন্টটি যথানিয়মে পুনরুদ্ধার (Restoration) করা হয় এবং পেটেন্ট স্বত্বাধিকারীকে নবায়ন সার্টিফিকেট প্রদান করা হয়। গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ হতে ছয় সপ্তাহের মধ্যে পেটেন্ট আবেদনের বিরুদ্ধে অপজিশন ফাইল দাখিল হলে পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ ও এতদসংক্রান্ত বিধি অনুযায়ী তা নিষ্পত্তি করা হয়।		
সেবা প্রাপ্তির শর্তাবলি	যথাসময়ে প্রয়োজনীয় তথ্য সম্বলিত যাবতীয় কাগজপত্র ও নির্ধারিত নবায়ন ফি ও ফরম প্রদান।		
প্রয়োজনীয় কাগজপত্র	০১) একটি অগ্রায়ণ পত্র (Forwarding Letter); ০২) তামাদি পেটেন্ট পুনরুদ্ধার করার জন্য যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত ফিসহ Form-10; ০৩) নির্ধারিত ফি পরিশোধ সংক্রান্ত পেঅর্ডার/চালান এর কপি; ০৪) আবেদনকারি কোন প্রতিনিধির মাধ্যমে আবেদন করলে প্রতিনিধিকে Power of Authority (PA) দাখিল করতে হয়।		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	১. তামাদি পেটেন্ট পুনরুদ্ধার (Restoration) সংক্রান্ত নির্ধারিত ফি ৬০০০ টাকা। ২. যথাযথ নির্ধারিত নবায়ন ফি		
সংশ্লিষ্ট আইননীতিমালা/বিধি/	ক) পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ খ) পেটেন্ট ও ডিজাইন বিধিমালা, ১৯৩৩		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	তামাদি পেটেন্ট এর ক্ষেত্রে অপজিশন সংক্রান্ত মামলায় রেজিস্ট্রারের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে আবেদনকারি সরকারের (সচিব, শিল্প মন্ত্রণালয়) নিকট আপীল করার বিধান আছে।		
সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারির সুস্পষ্ট ধারণা না থাকা।	
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় দক্ষ জনবল ও Equipment এর স্বল্পতা।	
বিবিধ/অন্যান্যঃ			

### ৩.১.২ প্রসেস ম্যাপ

#### পেটেন্ট সর্বাধিকারীর পেটেন্ট নবায়ন

